অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/10/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো অর্লিন্স কাউন্টিতে বয়োজ্যেষ্ঠদের জন্য 17 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন উন্নয়নের সমাপ্তির ঘোষণা ঘোষণা করেছেন

ঐতিহাসিক হাই স্কুল বয়োজ্যেষ্ঠদের জন্য 41টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট এবং হোলি অফিসগুলির গ্রামের জন্য নতুন স্পেসে রূপান্তরিত হয়েছে

কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ অর্লিন্স কাউন্টির হলি গ্রামে ঐতিহাসিক সাবেক হোলি হাই স্কুলের 17 মিলিয়ন মার্কিন ডলারের উল্লেখযোগ্য পুনর্বাসন সম্পন্ন করার ঘোষণা দিয়েছেন। এখন হলি গার্ডেন নামে পরিচিত, ভবনটি হলি গ্রামে ব্যবহারের জন্য জনসভার জায়গা এবং অফিসসহ বয়োজ্যেষ্ঠদের জন্য 41টি সাশ্রয়ী বাড়ি প্রদান করে।

"যেহেতু নিউ ইয়র্ক আরো ভালোভাবে গড়ে উঠেছে, আমরা আমাদের অসহায় জনগোষ্ঠীকে নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদানের প্রতিশ্রুতিতে অনড় আছি," **গভর্নর কুওমো বলেন।** "হোলি গার্ডেন আবাসনটি স্টেট জুড়ে এবং ফিঙ্গার লেক অঞ্চলে আমাদের কৌশলগত বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে ওঠে এবং নিউ ইয়র্কের বয়োজ্যেষ্ঠদের জন্য 41টি সাশ্রয়ী মূল্যের বাড়ি সরবরাহ করবে। আমাদের বয়োজ্যেষ্ঠদের রক্ষা এবং সমর্থন করার জন্য আমাদের একটি দায়িত্ব আছে এবং হলি গার্ডেনের মতো নতুন উন্নয়নগুলি যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদেরকে জরুরি হাউজিং সুযোগ প্রদান করবে।"

"প্রত্যেক নিউ ইর্কবাসী তাদের নিরাপত্তা এবং প্রয়োজনীয় পরিষেবাগুলিয়র দাবি রাখে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "17 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পের মধ্যে ছিল একটি ফাঁকা হাই স্কুলের একটি উল্লেখযোগ্য পুনর্বাসন যা আমাদের বয়োজ্যেষ্ঠ নিউ ইয়র্কবাসীদের জন্য 41টিরও বেশি সাশ্রয়ী মূল্যের বাড়ি প্রদান করবে, যার মধ্যে রয়েছে শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়ক সেবা। ভবিষ্যতের জন্য আরো উন্নত, শক্তিশালী এবং আরো অন্তর্ভুক্তিমূলক গড়তে ন্যায়বিচার ও জীবনের মান উন্নত করতে এই ধরনের প্রকল্পগুলিতে বিনিয়োগ করতে নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ।"

গভর্নর কুওমোর কমিউনিটিগুলিকে শক্তিশালী করার এবং ফিঙ্গার লেকসের অর্থনীতি সমৃদ্ধ করার অঙ্গীকারবদ্ধতা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এ প্রতিফলিত হয়, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। 2011 সাল থেকে, বাড়ি এবং কমিউনিটি নবীকরণ (Homes and Community Renewal, HCR) ফিঙ্গার লেকস অঞ্চলে 639 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে যা প্রায় 7,700টি সাশ্রয়ী আবাসন তৈরি করেছে বা সংরক্ষণ করেছে।

মূলত 1931 সালে নির্মিত, তিনতলা নিও-ক্লাসিক্যাল ইটের ভবনটি 1970-এর দশকের মাঝামাঝি সময় পর্যন্ত গ্রামের হাই স্কুল হিসেবে সেবা প্রদান করে। এটি বন্ধ হওয়ার পর থেকে দশকের পর দশক ধরে অব্যবহৃত ছিল। মূল স্থাপত্য সংরক্ষণসহ সতর্কতার সাথে পুনর্বাসনের পর, হলি গার্ডেনগুলি এখন 55 বছর বা তার বেশি বয়সের নিউ ইয়র্কবাসীদের জন্য 41টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট সরবরাহ করে।

স্কুলের মূল অডিটোরিয়াম মূলত গ্রামের বোর্ড মিটিং এবং অন্যান্য পাবলিক ফোরামের জনসভার স্থান হিসেবে ব্যবহারের জন্য অক্ষত রাখা হয়। বারান্দার নিচের জায়গা গ্রামের প্রশাসনিক কার্যালয় বাড়ি হিসেবে ব্যবহার করার জন্য সংস্কার করা হয়।

বাসিন্দাদের জন্য বিল্ডিং সুবিধার মধ্যে রয়েছে আউটডোর স্পেসসহ একটি কমিউনিটি রুম, এনার্জি স্টার যন্ত্রপাতি, এয়ার কন্ডিশনিং এবং লন্ড্রি সুবিধা। হলি শহরের কেন্দ্রস্থলে অবস্থিত, হলি গার্ডেন গ্রামের লাইব্রেরি, রেস্টুরেন্ট, গির্জা, এবং অল্প দূরত্বের মধ্যে।

অ্যাপার্টমেন্টগুলির মধ্যে সাতটি অ্যাপার্টমেন্ট পরিবারের জন্য উপলভ্য থাকবে যেখানে কমপক্ষে একজন সদস্য একজন শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি, যিনি ইন্ডিপেন্ডেন্ট লিভিং অব জেনেসি অঞ্চলে প্রদত্ত সহায়ক সেবা পাবেন। ডেভেলপার এজমেয়ার ডেভেলপমেন্টের সাথে যৌথভাবে হোম লিজ করছেন।

স্টেট অর্থায়নে 17 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে যার মধ্যে ফেডারেল স্বল্প-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা ইক্যুইটিতে 6.8 মিলিয়ন মার্কিন ডলার এবং ভর্তুকিতে 4.1 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি ফেডারেল এবং স্টেটের ঐতিহাসিক কর ক্রেডিট পেয়েছে যা পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ (Office of Parks, Recreation and Historic Preservation) দপ্তর কর্তৃক বরাদ্দকৃত ইকুইটিতে 6.4 মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) রিস্টোর NY প্রোগ্রামের মাধ্যমে 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি 41,000 মার্কিন ডলার প্রদান করে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "হলি গার্ডেন বয়োজ্যেষ্ঠ নিউ ইয়র্কবাসীদের জন্য 41টি প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের বাড়ি সরবরাহ এবং গ্রামের কেন্দ্রস্থলে একটি ঐতিহাসিক ভবন পুনর্বাসনের দ্বৈত উদ্দেশ্যে কাজ করে। ঐতিহাসিক স্থাপত্যটি যত্ন সহকারে সংরক্ষণ করতে স্টেটের বিনিয়োগ হলির ঐতিহাসিক ডিস্ট্রিক্টে নতুন জীবনের শ্বাস নেবে,

ভবনের বাসিন্দাদের জন্য আরো চলনযোগ্য এবং সক্রিয় স্ট্রিটস্কেপ তৈরি করবে এবং দেখাবে যে ফিঙ্গার লেকের অর্থনীতি ব্যবসার জন্য পুনরায় উন্মুক্ত হয়েছে এবং এগিয়ে যাচ্ছে।"

স্টেটের পার্কস-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "গ্রামের একটি ঐতিহাসিক ল্যান্ডমার্ক বয়োজ্যেষ্ঠ নাগরিকদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন হিসেবে নতুন জীবন লাভ করতে পেরে আমি পুরস্কৃত। এই প্রকল্পটির মাধ্যমে প্রথমবারের মতো হোলি গ্রামে ঐতিহাসিক কর ক্রেডিট প্রোগ্রাম ব্যবহার করা হয়েছে, যা এখন স্টেট জুড়ে কমিউনিটিতে সফলভাবে অব্যবহৃত ভবন রূপান্তর করে অনেক প্রয়োজনীয় আবাসন এবং ব্যবসায়িক সুযোগ তৈরি করতে এবং স্থানীয় ঐতিহ্য সংরক্ষণ করতে যোগ দেয়।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার এবং প্রেসিডেন্ট মনোনীত এরিক জে. গার্টলার বলেন, "হলি গার্ডেন আমাদের রিস্টোর NY প্রোগ্রামের মাধ্যমে কমিউনিটি উন্নয়নে নিউ ইয়র্ক স্টেটের সৃজনশীল দৃষ্টিভঙ্গির একটি প্রধান উদাহরণ। একটি দীর্ঘ সময়ের ফাঁকা স্কুলকে বয়োজ্যেষ্ঠদের জন্য একটি প্রাণবন্ত আবাসিক উন্নয়নে রূপান্তরের মাধ্যমে, এই সরকারি-বেসরকারি অংশীদারিত্ব হলি কমিউনিটির বর্তমান চাহিদা পূরণের জন্য একটি অব্যবহৃত স্থানীয় সুবিধাকে পুনরুজ্জীবিত করেছে।"

সিনেটের সংখ্যালঘু নেতা রব অর্ট বলেন, "হলি গার্ডেন হলি গ্রামে এবং আমাদের বয়োজ্যেষ্ঠ বাসিন্দাদের জন্য একটি চমৎকার সংযোজন হবে যারা একটি নতুন অথচ সাশ্রয়ী মূল্যের, বাড়ি খুঁজছে। ইতোমধ্যে বিদ্যমান হলি হাই স্কুল সংস্কারের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট এবং ব্যক্তিগত সহযোগীরা কমিউনিটির বাসিন্দাদের জন্য হলির ল্যান্ডমার্ক গ্রাম পুনরায় ব্যবহার করার একটি উপায় খুঁজে পেয়েছে। স্টেট তহবিল নিশ্চিত করতে এবং এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে স্থানীয় কর্মকর্তাদের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য, স্টিফেন হাওলি বলেন, "হলি গার্ডেন পশ্চিম নিউ ইয়র্কের জনগণের সৃজনশীলতা, কঠোর পরিশ্রম এবং নিষ্ঠার আরেকটি উদাহরণ। এই উন্নয়নের সাথে, হলি গ্রামে আমাদের বয়োজ্যেষ্ঠ নাগরিকদের আরামদায়ক, সাশ্রয়ী মূল্যের আবাসন দেওয়ার সুযোগ আমাদের কমিউনিটি একে অপরকে ফিরিয়ে দিচ্ছে এবং সমর্থন করছে। আমি কমপ্লেক্সটি পূর্ণ হতে দেখার অপেক্ষায় আছি এবং আমাদের প্রতিবেশীরা যে চমৎকার জীবন বয়ে আনতে পারে তা দেখার জন্য উদগ্রীব।"

মেয়র কেভিন লিঞ্চ বলেন, "পাঁচ বছরের মেয়াদে, পুরাতন হাই স্কুলটি বয়োজ্যেষ্ঠদের আবাসন এবং গ্রামীণ অফিস এবং জনসভার নতুন জায়গায় রূপান্তরিত হয়েছে। এটি হলি গ্রামের জন্য একটি দুর্দান্ত পরিবর্তন। হোম লিজিং, এজমেয়ার ডেভেলপমেন্ট এবং যারা এই প্রকল্পকে বাস্তবে পরিণত করার জন্য কাজ করেছে তাদের সবাইকে ধন্যবাদ।"

চেয়ারপার্সন অর্লিন্স কাউন্টি আইনসভা লিন এম. জনসন বলেন, "অনেকের কঠোর পরিশ্রম এবং অঙ্গীকারের জন্য ধন্যবাদ, হলি গার্ডেনস অরলিন্স কাউন্টিতে যারা বাস করেন এবং কাজ করেন তাদের সকলের সুবিধার্থে সাশ্রয়ী সিনিয়র হোমস, পৌরসভা অফিস এবং সাম্প্রদায়িক স্থান সরবরাহে

হলি গার্ডেন হচ্ছে প্রথম অভিযোজিত পুনর্ব্যবহার। সাবেক হাই স্কুলের চমৎকার পুনঃউন্নয়ন হচ্ছে ঐতিহাসিক সম্পদসহ ক্ষুদ্র কমিউনিটিকে টেকসইভাবে সংরক্ষণ এবং বর্ধনের জন্য একসাথে কাজ করা সরকারি ও বেসরকারি অংশীদারদের সেরা উদাহরণ।"

হোম লিজিং এর প্রধান নির্বাহী কর্মকর্তা ব্রেট গারউড বলেন, "দীর্ঘ সময়ের পরিত্যক্ত ঐতিহাসিক হোলি হাই স্কুলকে হলি গার্ডেনে রূপান্তরে অংশীদার হতে পেরে আমরা রোমাঞ্চিত। এই প্রকল্পের মাধ্যমে আমরা বয়োজ্যেষ্ঠদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসনের গুরুত্বপূর্ণ চাহিদা মেটাতে এবং একটি প্রাণবন্ত গ্রাম তৈরি করতে সহায়তা করছি। আমি নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, হলি গ্রাম এবং এজমেয়ার ডেভেলপমেন্টসহ আমাদের সকল অংশীদারদের কাছে কৃতজ্ঞ, যারা পুরো প্রক্রিয়া জুড়ে তাদের দক্ষতা এবং নিষ্ঠার সাথে কাজ করেছে।"

এজমেয়ার ডেভেলপমেন্টের প্রতিষ্ঠাতা জন অস্টার বলেন, "অনেকে ভেবেছিলেন এই সুন্দর প্রাক্তন স্কুলের জন্য কোনো আশা বা ব্যবহার নেই। এই সফল প্রকল্পটি সম্পন্ন হয়েছিল এজমেয়ার, হোম লিজিং, হলি এবং কাউন্টি অব অর্লিন্স, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, কী ব্যাংক এবং আমাদের অন্যান্য সরকারি ও বেসরকারি অংশীদারদের ইচ্ছাশক্তি এবং সহযোগিতার কারণে। হলি গার্ডেন এখন আমাদের বয়োজ্যেষ্ঠ এবং গুরুত্বপূর্ণ ভিলেজ অফিসের জন্য একটি স্বাগত বাড়ি।"

ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ল্যান্ডমার্ক সোসাইটির নির্বাহী পরিচালক ওয়েন গুডম্যান বলেন, "এই চিত্তাকর্ষক এবং সহযোগিতামূলক প্রকল্প একটি সমস্যাযুক্ত দায়বদ্ধতাকে একটি সত্যিকারের কমিউনিটি সম্পদে রূপান্তরিত করেছে এবং এর মাধ্যমে, একটি অপূরণীয় ঐতিহাসিক ভবন সংরক্ষণ করেছে যা হলির অতীতে এমন একটি গঠনমূলক ভূমিকা পালন করেছে। শেষ ফলাফলের মানসম্পন্ন আবাসন সরবরাহ এবং হলির বাণিজ্যিক ডিস্ট্রিক্ট উন্নত করার ফলে, এই প্রকল্পটি কিভাবে নিউ ইয়র্ক জুড়ে আমাদের কমিউনিটিকে উন্নীত করে তুলেছে তার একটি প্রধান উদাহরণ।"

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন